বঙ্গন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে দর্শনায় বিক্ষোভ

বঙ্গন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে দর্শনায় প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃস্পতিবার বিকালে ঘটনায় জড়িতদের শাস্তির দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ কর্মসূচি পালন করেছে। বিক্ষোভ মিছিল সমাবেশে আওয়ামী লীগ, জাসদ (ইনু), বীর মুক্তিযোদ্ধা, ছাত্রলীগ, যুবলীগসহ বিভিন্ন সংগঠন যোগ দেন।

দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি ও দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমানের সভাতিত্বে বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

তিনি তার বক্তব্যে বলেন, ভাস্কর্য আর মূর্তি এক নয়। মূর্তি হলো প্রতিমা। ভাস্কর্য হলো কৃষ্টি-কালচার প্রতিকৃতি। যারা বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুর করেছে তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করার দাবী জানান।

এছাড়া তিনি বলেন, কিছু মানুষ ধর্মটাকে ব্যবহার করে বাংলাদেশকে একটি তালেবান রাষ্ট্র বানাতে চায়। আমরা কিছুতেই তালেবান রাষ্ট্র বানাতে দেব না।

এছাড়া সমাবেশে বক্তব্য রাখেন, সাবেক জেলা পরিষদ প্রসাশক মাহফুজুর রহমান মঞ্জু, জাসদের উপজেলা সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, উপজেলা যুবলীগের সভপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক তোফজ্জেল হোসেন তপু প্রমুখ।

চুয়াডাঙ্গায় জেলা পরিষদের উপ-

নির্বাচনে মিজানুর রহমান বিজয়ী

চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান মিজান বিজয়ী হয়েছে। গতকাল হারদী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে সকাল ৯ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত টানা ভোট গ্রহণ চলে। কুমারি, হারদী ও ভাংবাড়িয়া ইউনিয়ন নিয়ে গঠিত ৮ নং ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ৩৯ জন। এর মধ্যে মিজানুর রহমান ১৪ ভোট, আসাদুল ইসলাম ১৩ ভোট, শেখ তাজনুর ১০ ভোট ও আব্দুর রাজ্জাক ২ ভোট পান।

মিজানুর রহমানকে রিটার্নিং অফিসার বেসরকারি ভাবে নির্বাচিত ঘোষণা করেন। মিজানুর রহমান জয় লাভের পর পরই ছাত্রলীগের নেতারা তাকে নিয়ে আনন্দে উচ্ছ্বাস প্রকাশ করে। মিজান তিন ইউনিয়নের চেয়ারম্যান, মেম্বারদের অভিনন্দন জানিয়েছেন। বিকেল ৩ টার দিকে মিজানুর রহমান চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি বাসভবনে দেখা করতে গেলে এমপি ছেলুন মিজান কে ফুল দিয়ে অভিনন্দন জানান।

মিজানুর রহমান ও ছাত্রলীগ নেতৃবৃন্দ, ইউপি চেয়ারম্যান আবু সাইদ পিন্টু এমপি ছেলুন জোয়ার্দারকে ফুলেল শুভেচ্ছা জানান। এ সময় উপস্থিত ছিল আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন, পৌর সভাপতি নয়ন সরকার, সরকারি ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম প্রমুখ।

এ সময় এমপি ছেলুন জোয়ার্দার বলেন, তুমি জেলা পরিষদের উপ-নির্বাচনে জয়লাভ করেছ। কে ভোট দিল, কে দিল না সেটা মনে না করে ঐ তিন ইউনিয়নের চেয়ারম্যান, মেম্বার দের সাথে নিয়ে তোমার যে বরাদ্ধ পাবে তাই নিয়ে এলাকার উন্নয়নে আত্মনিয়োগ কর। তাতে করে একদিন তুমি সকলের কাছে প্রিয় হয়ে উঠবে।

দলের জন্য যে ত্যাগ দেখিয়েছ, আজ দলের ছেলারাসহ আমরা তোমার পাশে থেকেছি। তোমার সাফল্য কামনা করছি। এর পর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল হক জোয়ার্দার টোটনের সাথে সৌজন্য সাক্ষাত করেন।

দামুড়হুদায় হেলথ এসিস্ট্যান্টদের কর্মবিরতি অব্যাহত

“ভ্যাকসিন হিরো সম্মান,স্বাস্থ্য সহকারীর অবদান” স্লোগানে দামুড়হুদায় হেলথ এসিস্ট্যান্টদের বেতন বৈষম্য নিরসনের দাবীতে কর্মবিরতি পালন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১০টা থেকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরে এ কর্মবিরতি পালন করা হয়।

বাংলাদেশ হেলথ এসিস্ট্যোন্ট দামুড়হুদা উপজেলা শাখার আয়োজনে কর্মবিরতিতে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আব্দুল আলিম, সহ-সভাপতি আবুল হোসেন, আসমত আরা, সাধারণ সম্পাদক আজহার আলি, যুগ্ন-সাধারণ সম্পাদক ওয়ালিদুর রহমান, মরিয়ম নেছা, সহ সম্পাদক তারিক আজিজ, খালেদা খাতুন।

অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মহিলা বিষয়ক সম্পাদক হোসনে আরা, সাংগঠনিক সম্পাদক রবিউল আওয়াল, অর্থ সম্পাদক শামীম খান, দফতর সম্পাদক হাসানুর রহমান, শিক্ষা ও সাহিত্য বিষয়ক সম্পাদক এজাজ আহম্মেদ, সাংস্কৃতি ও বিনোদন বিষয়ক সম্পাদক সজীব হোসেন, মিডিয়া ও যোগাযোগ বিষয়ক সম্পাদক রাজু আহম্মেদ, সমবায় ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক রমজান আলি, ক্রীড়া সম্পাদক আব্দুস সালাম, স্বাস্থ্য সেবা বিষয়ক সম্পাদক ছমির উদ্দিন, সদস্য রাশিদুল ইসলাম, মখলেছুর রহমান সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

এসময় দামুড়হদা উপজেলা শাখার নেতৃবৃন্দরা বলেন যতদিন আমাদের দাবী আদায় না হবে ততদিন আমরা কর্মবিরতি অব্যাহত রাখব।

মেহেরপুরে বাংলাদেশ মানবাধিকার কমিশনের নতুন কমিটির আত্মপ্রকাশ

আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালন ও বাংলাদেশ মানবাধিকার কমিশন মেহেরপুর জেলা শাখার নতুন কমিটির আত্মপ্রকাশ ঘটেছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় শহীদ ড.শামসুজ্জোহা পার্ক এর সামনে দারুচিনি ফুডে এই কমিটির আত্মপ্রকাশ ঘটে।

মানবাধিকার কমিশন মেহেরপুর জেলা শাখার সভাপতি সাবেক মেয়র মোতাছিম বিল্লাহ মতু, নির্বাহী সভাপতি মোঃ শাহ জামান, সহ-সভাপতি মোঃ এমদাদুল হক এবং মোঃ বদরুদ্দোজা খান, সাধারণ সম্পাদক মানিক হোসেন, যুগ্ন সম্পাদক আশহাদুর রহমান, মুক্তাকী বিল্লাহ শাফিন, রাহিনুজ্জামান, এবং মোঃ মহাব্বত, অর্থ সম্পাদক মোঃ আবু হানিফ, যুগ্ন-অর্থ সম্পাদক মোঃ নুরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মোঃ শাহিন, রোকসানা আরা,

মোঃ শাহফল বাহার স্বাধীন এবং শামীম হাসান সোহাগ, প্রচার ও প্রকাশনা সম্পাদক মোঃ রাশেদ খান, আইন বিষয়ক সম্পাদক মোঃ মাসুদ রানা, মহিলা বিষয়ক সম্পাদক ঝরনা মন্ডল, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক আসিফ ইকবাল, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক তাওসিফ আবরার, দপ্তর সম্পাদক মুনেম তাজ ওয়ার, সাংস্কৃতি সম্পাদক মোঃ রাসেল, নির্বাহী সদস্য মোঃ রুহুল আমিন, মোঃ রনি মোঃ আশরাফুজ্জামান এবং অমন আগরওয়ালা প্রমুখ।

দামুড়হুদায় চোরাচালান প্রতিরোধ কমিটির সভা

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে আইন শৃঙ্খলা ও চোরাচালান

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তিনি এক জন মানসিক রোগী, স্বামী- মো: ইদ্রিস আলী, ঠিকানা: আমঝুপি উত্তর পাড়া, মেহেরপুর সদর, মেহেরপুর।

যদি কোন সহৃদয়বান ব্যক্তি সন্ধান পান তা হলে যোগাযোগ করুন ০১৯১৭-৬০৯৫৫২ এই মোবাইল নাম্বারে।

দর্শনার কুড়ুলগাছিতে সম্পত্তি দখলের অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার কুড়ুলগাছিতে মোঃ শহিদুল ইসলাম এর পৈত্রিক ও ক্রয়কৃত সম্পত্তি জোরপূর্বক দখলের অভিযোগ পাওয়া যায়। শহিদুল ইসলাম জানায় আমার আপন ভাই মোঃ মনিরুল ইসলাম (৪৫), পিতা- মৃত ইছাহক মন্ডল এবং তার স্ত্রী ববিতা বেগম (৩৫), মেয়ে মুন্নি খাতুন (২০) এবং জাহানারা বেগম (৬০),স্বামী- মোঃ নবী সকলের একই গ্রাম-কুড়ুলগাছি, থানা দর্শনা জেলা-চুয়াডাঙ্গা এই ৪ জন জোরপূর্বক আমার পৈত্রিক ও ক্রয়কৃত সম্পত্তি দখল করছে।

উক্ত জমি জায়গা নিয়ে আমার সহিত দীর্ঘদিন তারা বিরোধ চালিয়ে আসছে। উক্ত বিরোধের জের ধরে আমার পৈত্রিক ও ক্রয়কৃত সম্পত্তি জোরপূর্বক সম্পূর্ণ গায়ের জোরে দখল করার পায়তারা করে আসছে। এরই ধারাবাহিকতায় আমার পৈত্রিক ও ক্রয়কৃত জমি জোরপূর্বক দখলের উদ্দেশ্যে গত অনুমানিক ২ মাস পূর্বে উক্ত জমিতে ঘর বাড়ী নির্মাণের কাজ শুরু করেছে।

আমি বাঁধা প্রদান করতে গেলে তারা আমাকে বিভিন্ন ভয়ভীতি দেখিয়ে আসছে যার পরিপ্রেক্ষিতে আমি বিষয়টি নিয়ে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি বর্গদের মাধ্যমে মীমাংসার চেষ্টা করলেও আমার ভাই মনিরুল ইসলাম সহ ৪ জন গায়ের জোরে কোন সালিশ মীমাংসা না করে উপরন্ত জোরপূর্বক ঘরবাড়ী নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছে।

গত ০৫/১২/২০২০ খ্রিঃ সকাল অনুমান ১০:৩০ ঘটিকার সময় আমার জমিতে ঘর নির্মাণ করতে নিষেধ করলে আসামীরা আমাকে ও আমার পরিবারের লোকজনকে অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং মারধর করার জন্য উদ্যত হয়। ঐ সময়

আশেপাশের প্রতিবেশীরা আমাদেরকে রক্ষা করে।

এজন্য ঘটনাটি আইনানুগ ভাবে সমাধানের নিমিত্তে দর্শনা থানায় অভিযোগ দায়ের করেছি। আমার জমির দাগ এসএ-৪৪৯০ এবং জমির পরিমাণ ৪৫ শতক জমির মধ্যে সাড়ে ১১ শতক জমি নিয়ে বিরোধ।

এ বিষয়ে দর্শনা ওসি মাহবুবুর রহমান কাজলের কাছে জানতে চাইলে তিনি বলেন মোঃ শহিদুল ইসলাম এ বিষয়ে দর্শনা থানায় লিখিত অভিযোগ করছে আমারা এ বিষয়ে ঠিক তদন্ত করে দ্রুত পদক্ষেপ গ্রহণ করবো।

আলমডাঙ্গায় গলায় ফাঁস লাগিয়ে বুদ্ধি-প্রতিবন্ধীর মৃত্যু

আলমডাঙ্গার শালিকার বাজার পাড়ায় গলায় ফাঁস দিয়ে গৃহবধূ আত্নহত্যা করেছে। গত বুধবার সন্ধ্যা ৭টার দিকে এ আত্মহত্যার ঘটনাটি ঘটে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের শালিকা গ্রামের আবুল ফজলের মেয়ে সাদিয়া খাতুন (২২) সে বুদ্ধিপ্রতিবন্ধী। বুধবার সন্ধ্যায় পরিবারের উপরে অভিমান করে বাড়ির রান্না ঘরের আড়ার সাথে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যার চেষ্টা করে।

পরিবারের লোকজন সাদিয়াকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। তার শারীরিক অবস্থা অবনতি হলে রাজশাহী মেডিক্যাল হাসপাতালে রেফার্ড করে। সাদিয়া চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। এই ঘটনায় সাদিয়ার ভাই সবুজ আলি বাদী হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করে।

মেহেরপুরের শ্যামপুরে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর প্রবাসী কল্যাণ মানব সেবা সংগঠনের উদ্যোগে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেল ৩টার দিকে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠিত হয়।

শ্যামপুরের অসহায়-দুস্থ ১৯০টি পরিবারের মাঝে এই শীত বস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন মোঃ মোস্তাফিজুর রহমান (বিথন) এবং বিশেষভাবে বক্তব্য দেন জামিরুল ইসলাম।

সেখানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আমঝুপি ইউনিয়নের মেম্বর আক্তার হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল বারি, ডা. জবেদ আলী, সমাজ সেবক মোঃ সাইদুর রহমান
পরে সেখানে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয় এবং শ্যামপুর গ্রামের প্রবাসীদের কল্যাণে দোয়া করা হয়েছে।

আলমডাঙ্গায় বদ্ধভূমি পার্কের উদ্বোধন

আলমডাঙ্গায় বদ্ধভূমি সংলগ্ন বিনোদন পার্ক নির্মাণ কাজের উদ্বোধন করেছে জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা -১ আসনের এমপি ছেলুন জোয়াদ্দার। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে পৌর এলাকার বদ্ধভূমি প্রাঙ্গণে এ কাজের উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, ডিসেম্বর মাস, বিজয়ের মাসে স্বাধীনতার চেতনা যারা বিশ্বাস করে তাদের সকলের

সহযোগীতায় বধ্যভূমি পার্ক নির্মাণ করা হচ্ছে। ১৯৭১ সালে আলমডাঙ্গা লাল ব্রীজ হতে পাক সেনারা সাধারণ মানুষ ধরে এই বধ্যভূমির পাশে হত্যা করেছিল। বধ্যভূমি তৈরির উদ্যশ্য নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ঠিক ইতিহাস জানান, এই বধ্যভূমি দাঁড়িয়ে আছে পাকিস্থানীদের অত্যাচার, অবিচারের সাক্ষী হয়ে।

এখানে নতুন, যারা বধ্যভূমি দেখতে আসবেন তারা মুক্তিযুদ্ধের ইতিহাস যেমন জানবেন, তেমন আলমডাঙ্গায় চিত্ত বিনোদনের কোন জায়গা নেই, সেই লক্ষে আজ বধ্যভূমি পার্কের নির্মাণ কাজের উদ্বোধন করা হল। এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদিন গনু, উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন,

উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, আনিছুর রহমন মল্লিক, খন্দকার শাহ আলম মন্টু, বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সম্পাদক মতিয়ার রহমান ফারুক, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা মনীন্দ্র নাথ দত্ত, কুমারী ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, সাবেক পৌর সভাপতি আবু মুছা, পৌর আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু,বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার,আসিকুর রহমান ওল্টু, রিপন শাহ, আহসান উল্লাহ, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, সাকিব, হাসান প্রমুখ।